দৈনিক ইত্তেফাক

MAR. 20 2002

তারিখ ...............
পৃষ্ঠা ৩ ......কলাম...৫.....

# ইনস্টিটিউট অফ চাইল্ডহুড এডুকেশন ও থ্রি-ই এসোসিয়েটস একীভূত হল

বাচ্চাদের স্কুল ইনস্টিটিউট অফ চাইল্ডহুড এডুকেশন এবং থ্রি-ই অরবিটাল এসোসিয়েটস (প্রাঃ) লিমিটেড সম্প্রতি থ্রি-ই-আইসিই নামে একীভূত হয়েছে। শিশুর দৈহিক ও মানসিক বিকাশ এবং তাদের চরিত্র গঠনের লক্ষ্যে শিক্ষাবিদ প্রফেসর ডঃ খান মোঃ সিরাজুল ইসলাম ১৯৯৬ সাল থেকে ব্যতিক্রমধর্মী শিক্ষণ প্রতিষ্ঠান ইনস্টিটিউট অফ চাইল্ডহুড এডুকেশন গড়ে তুলেন। এতে ৩-৫ বছরের বাচ্চাদের খেলাধুলার (৫ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ইনস্টিটিউট অফ চাইল্ডহুড

(৩য় পৃঃ পর)

মাধ্যমে শিক্ষাদান করা হয়। কেজি শিক্ষক ও মায়েদের ভূমিকার কথা সামনে রেখে তাদের জন্যও বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। ইতিমধ্যেই ছয় শতাধিক প্রশিক্ষণার্থী বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন। খেলাধুলার মাধ্যমে লেখাপড়ার পাশাপাশি তথ্য প্রযুক্তির মাধ্যমে শিশুদের আদর্শ নাগরিক হিসাবে গড়ে তোলার আত্মপ্রত্যয় নিয়ে নতুন প্রতিষ্ঠানের যাত্রা শুরু হলো। – প্রেস বিজ্ঞপ্তি